

- (খ) ঐতিহাসিক নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল রায়ের কৃতিত্বের পরিচয় দাও।
(গ) আদি যুগের বাংলা ভাষার কালসীমা নির্দেশ করে এই পর্বের ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।
(ঘ) ধ্বনি পরিবর্তন বলতে কী বোঝো? বাংলা ধ্বনিপরিবর্তনের কারণগুলি আলোচনা করো।

BENGALI-DSC-1B

বিভাগ-ক

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৩×৪ = ১২
- (ক) ফোর্ট উইলিয়াম কলেজ কবে, কোন্ উদ্দেশ্যে প্রতিষ্ঠিত হয়েছিল? এই কলেজের সঙ্গে যুক্ত দু'জন বাংলা গদ্য রচয়িতার নাম লেখো।
(খ) বাংলা গীতিকবিতার ক্ষেত্রে 'ভোরের পাখি' কাকে, কে বলেছেন? তাঁর দু'টি কাব্যের নাম লেখো।
(গ) বাংলা উপন্যাসে বন্দ্যোপাধ্যায় ত্রয়ী কারা? তাঁদের একটি করে উপন্যাসের নাম লেখো।
(ঘ) বিজন ভট্টাচার্য কোন্ নাট্য আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন? তার দু'টি নাটকের নাম লেখো।
(ঙ) মধ্য-বাংলা ভাষাকে কয়টি স্তরে ভাগ করা হয়? এগুলির কালসীমা উল্লেখ করো।
(চ) স্বরধ্বনি কাকে বলে? বাংলা স্বরধ্বনি কয়টি এবং কী কী?

বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৬×৪ = ২৪
- (ক) বাংলা সাহিত্যের দুঃখবাদী কবি কাকে বলা হয়? তাঁর কাব্যগুলির সংক্ষিপ্ত পরিচয় দিয়ে, তাঁকে দুঃখবাদী কবি বলার কারণ লেখো।
(খ) বিদ্যাসাগরই প্রথম বাংলা গদ্যকে প্রকৃত সাহিত্যভাষার উপযোগী করে তুলেছেন — আলোচনা করো।
(গ) বাংলা নাটকের সূচনাপর্বে রামনারায়ণ তর্করত্নের অবদান আলোচনা করো।
(ঘ) সংক্ষিপ্ত টীকা লেখো:
দুর্গেশনন্দিনী, পল্লীসমাজ।
(ঙ) বাংলা উপভাষা কয়টি ও কী কী? এগুলি কোন্ কোন্ অঞ্চলে প্রচলিত?
(চ) উদাহরণসহ আলোচনা করো:
বিপ্রকর্ষ, অভিশ্রুতি।

বিভাগ-গ

- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ১২×২ = ২৪
- (ক) বাংলা পৌরাণিক নাটকে গিরীশচন্দ্র ঘোষের অবদান আলোচনা করো।
(খ) রবীন্দ্র উপন্যাসের কালানুক্রমিক ও বিষয়ভিত্তিক আলোচনা করো।
(গ) আদি বাংলা ভাষার সময়কাল নির্দেশ করো। এই ভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো।
(ঘ) শব্দভাণ্ডার কাকে বলে? বাংলা শব্দভাণ্ডারের প্রধান প্রধান উপাদানগুলি উদাহরণসহ আলোচনা করো।

—x—